2025



# ইনোভেশন আইটি

## উদ্ভাবনে নতুনত্ব, হাতের মুঠোয় সব তথ্য

সফটওয়্যার ডেভেলপমেন্ট, আইটি সার্ভিস এবং ডিজিটাল সল্যুশন সহ আধুনিক টেকনোলজির বিভিন্ন ধরনের আইটি সার্ভিস প্রদান করে থাকি। যেমন: ওয়েবসাইট ডেভেলপমেন্ট, মোবাইল অ্যাপ ডেভেলপমেন্ট, ডাটা ম্যানেজমেন্ট, ক্লাউড সার্ভিস, ই-গভর্ন্যান্স সল্যুশন এবং ডিজিটাল মার্কেটিং সেবা প্রদান করে থাকি।

www.innovationit.com.bd

আপনার প্রতিষ্ঠান হোক
আধুনিক অটোমেশন ব্যবস্থা

*সৃজনশীল উদ্ভাবন এবং কার্যকর*
*সমাধানে আমরাই সেরা*



# সূচিপত্র


- সম্পর্কে
- সিইও বার্তা
- আমাদের পথচলা
- মিশন ও ভিশন
- কাজের প্রক্রিয়া
- সেবাসমূহ
- প্রজেক্ট সমূহ
- গ্রাহকসমূহ
- প্রাতিষ্ঠানিক তথ্য
- যোগাযোগ



## কোম্পানী সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ



# আমাদের সম্পর্কে

**ইনোভেশন আইটি**-তে আমরা বিশ্বাস করি, প্রকৃত উন্নয়ন তখনই সম্ভব, যখন সবাই নিজ দক্ষতায় মনোযোগী হতে পারে। প্রতিটি প্রকল্পে আমরা দায়িত্ব ভাগ করে দেই সংশিষ্ট বিষয়ের বিশেষজ্ঞদের মাঝে-যাতে প্রতিটি ধাপে নিশ্চিত হয় সর্বোচ্চ মান।

আমাদের ফ্রন্ট-এন্ড টিম তৈরি করে আধুনিক, সৃজনশীল ও ইউজার-ফ্রেন্ডলি ডিজাইন, যা সব ব্রাউজারে নির্ভুলভাবে চলে। ব্যাক - এন্ড টিম নির্মাণ করে নিরাপদ, স্কেলযোগ্য ও টেকসই কাঠামো-যা ভবিষ্যতের জন্য নির্ভরযোগ্য। আমরা বিশ্বাস করি, ব্যবসার সাফল্য আসে উৎপাদনশীলতা, খরচ সাশ্রয় এবং বাস্তবভিত্তিক উদ্ভাবনের মাধ্যমে। তাই প্রযুক্তিগত প্রতিটি সিদ্ধান্ত নেই প্রয়োগ যোগ্যতা মাথায় রেখে।

**ইনোভেশন আইটি** গড়ে তুলেছে একটি দক্ষ টিম, যারা নিয়োগ, প্রশিক্ষণ ও উন্নয়নের মাধ্যমে ক্লায়েন্টের চাহিদা বুঝে আন্তরিক-ভাবে কাজ করে। আমাদের লক্ষ্য শুধু সফল ডেলিভারি নয়-বরং দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তোলা। আমরা বিশ্বাস করি, দলগত চর্চা, সহযোগিতা ও ইতিবাচক কর্মসংস্কৃতির মাধ্যমেই তা সম্ভব।

আমরা কেবল প্রযুক্তি নয়-আমাদের গল্প, অর্জন ও আনন্দ ভাগ করে নিতে চাই একটি সংযুক্ত, সচেতন ও উৎসাহী কমিউনিটির সঙ্গে।

**ইনোভেশন আইটি-তে আপনাকে স্বাগতম।**

# প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) বার্তা

## ইঞ্জিঃ খুরশিদ আলম



২০১৪ সালে ইনোভেশন আইটি'র যাত্রা শুরু হয়েছিল একটি সুস্পষ্ট লক্ষ্যকে সামনে রেখে - এমন প্রযুক্তিনির্ভর সমাধান তৈরি করা, যা হবে সহজ, স্বচ্ছ এবং কার্যকর। সেই শুরু থেকেই আমরা দেশের সরকারি ও বেসরকারি খাতে ডিজিট-াল রূপান্তরের অংশীদার হতে নিরলসভাবে কাজ করে যাচ্ছি।

আমরা বিশ্বাস করি, প্রযুক্তির সত্যিকারের সফলতা তখনই আসে, যখন তা মানুষের দৈনন্দিন জীবনে বাস্তবে পরিবর্তন আনে। এই বিশ্বাস থেকেই আমরা ইউনিয়ন পরিষদ, পৌরসভা, শিক্ষা প্রতিষ্ঠান ও জেলা প্রশাসনের মতো বিভিন্ন পর্যায়ে আধুনিক সফটওয়্যার ফেসলেস ও ক্যাশলেস অটে-ামেশন সেবা পৌঁছে দিয়েছি। পাশাপাশি বেসরকারি খাতেও আমরা সফলভাবে POS, ইনভেন্টরি, CRM ও HRM সফটওয়্যারের মাধ্যমে সেবা প্রদান করছি।

আমাদের সফলতার পেছনে রয়েছে একটি দক্ষ ও নিবেদিত টিম, দৃঢ় নৈতিক মানদন্ড এবং গ্রাহকের প্রয়োজন ও প্রত্যাশার প্রতি আন্তরিক দায়বদ্ধতা। এই তিনটি ভিত্তির ওপর দাঁড়িয়ে আমরা প্রতিদিন আরও শক্তভাবে এগিয়ে চলেছি।

ভবিষ্যতের পথচলায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ উদ্ভাবনী প্রযুক্তি, উন্নত সেবা এবং আন্তর্জাতিক মানসম্পন্ন সফটওয়্যার সমাধানের মাধ্যমে দেশের প্রযুক্তি খাতে আরও বড় অবদান রাখার জন্য।

আপনাদের আস্থা, ভালোবাসা ও সহযোগিতাই আমাদের চলার প্রেরণা। আসুন, আমরা সবাই মিলে একটি টেকসই, দক্ষ ও আধুনিক বাংলাদেশের স্বপ্নকে বাস্তবে রূপ দিই।

# আমাদের পথচলা

**২০১৪**

একটি স্বপ্ন ও সংকল্প নিয়ে ইনোভেশন আইটি যাত্রা শুরু করে। প্রযুক্তিকে সহজ, স্বচ্ছ এবং কার্যকর করার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয় কোম্পানিটি। প্রথমদিকে ছোট আকারের ওয়েব ও সফটওয়্যার প্রকল্প নিয়ে কাজ শুরু হয়।

**২০১৬**

সর্ব প্রথম গাজীপুর জেলার সকল উপজেলার সকল ইউনিয়ন ডিজিটালাইজেশন কার্যক্রমের "ডিজিটাল ইউপি" সফটওয়্যারটি উদ্বোধন করেন ততকালীন উপজেলা নির্বাহী অফিসার জনাব আনিছুর রহমান স্যার।

**২০১৭**

তেজগাঁও উন্নয়ন সার্কেলের সকল ইউনিয়নে ডিজিটালাইজেশন কার্যক্রমের উদ্বোধন করেন **জনাব শেখ কামাল হোসেন, সার্কেল অফিসার, তেজগাঁও**। এরপর অক্টোবর মাসে ঢাকার কেরানীগঞ্জ, নবাবগঞ্জ, দোহার, সাভার ও ধামরাই উপজেলার ইউনিয়নসমূহে এ কার্যক্রম উদ্বোধন করেন **জনাব মোঃ জিয়াউল হক, উপ-পরিচালক, ঢাকা**। ৭ ডিসেম্বর ফরিদপুর জেলার ৮১টি ইউনিয়নে ডিজিটাল কার্যক্রমের উদ্বোধন করেন **জনাব উম্মে তানজিয়া সালমা, জেলা প্রশাসক এবং ড. আবু নঈম মোঃ আব্দুছ ছবুর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর**। এবং ৯ ডিসেম্বর চাঁদপুর জেলার ৮৯টি ইউনিয়নে ডিজিটাল কার্যক্রমের উদ্বোধন করেন **মান্যবর সচিব ও ভূমি সস্করন বোর্ড এর চেয়ারম্যান মাহফুজুর রহমান স্যার**।

**২০১৮**

সাভার পৌরসভার সকল সেবা অনলাইনে উদ্বোধন করেন **ড. জাফর আহম্মেদ খান, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ**। কুমিল্লা জেলার ১৯৩টি ইউনিয়নে বায়োমেট্রিক হাজিরা ও "ডিজিটাল ইউপি" সফটওয়্যার চালুর মাধ্যমে ডিজিটাল কার্যক্রমের উদ্বোধন করেন **জেলা প্রশাসক মোঃ আবুল ফজল মীর ও উপ-পরিচালক আজিজুর রহমান**। মুন্সিগঞ্জের সকল ইউনি-নয়নে ডিজিটাল কার্যক্রম উদ্বোধন করেন **জেলা প্রশাসক সায়লা ফারজানা**। এছাড়া সিরাজগঞ্জ পৌরসভার সকল সেবা অনলাইনে চালু করেন পৌরসভার **মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা**।

**২০১৯**

নরসিংদী জেলার ৭১টি ইউনিয়নে ডিজিটাল কার্যক্রমের উদ্বোধন করেন **জেলা প্রশাসক সৈয়দা ফারহানা কাউনাইন ও উপ-পরিচালক ড. এ টি এম মাহবুব-উল-করিম**। একই বছর, কুমিল্লা জেলার ১৯৩টি ইউনিয়নের প্রায় ৭০০-এর বেশি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় বায়োমেট্রিক হাজিরা মেশিন, স্কুল ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং ওয়েবসাইট চালু করা হয়।

**২০২০**

ভাঙ্গা পৌরসভায় সকল সেবা অনলাইন কার্যক্রম এর উদ্বোধন করেন জনাব আবু ফয়েজ মোঃ রেজা, মেয়র, ভাঙ্গা পৌরসভা, ফরিদপুর।



| | |
|---|---|
| ২০২০ | ফেনী জেলার সকল ইউনিয়নে নাগরিক সেবা অনলাইন কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব আবু সেলিম মাহমুদ-উল হাসান। ফেনী পৌরসভায় ও হাজীগঞ্জ পৌরসভাও নাগরিকের সকল সেবার অনলাইন কার্যক্রম চালু হয়। |
| ২০২২ | ধামরাই পৌরসভা ও মধুখালি পৌরসভার সকল নাগরিক সেবা অনলাইন কার্যক্রম চালু হয়। |
| ২০২৩ | গাজীপুর জেলার ৩৯টি ইউনিয়নে বায়োমেট্রিক হাজিরা ও "স্মার্ট ইউপি ট্যাক্স" সফটওয়্যার সেবার উদ্বোধন করেন জেলা প্রশাসক আনিছুর রহমান। যশোর জেলার নওয়াপাড়া পৌরসভা, মানিকগঞ্জ জেলা ইউনিয়ন সমূহ, চট্টগ্রাম জেলার হাটহাজারী পৌরসভা এবং কুমিল্লা জেলার হোমনা ও নাঙ্গলকোট পৌরসভায় নাগরিকের সকল সেবার অনলাইন কার্যক্রম চালু হয়। |
| ২০২৪ | নাগরিক সেবা সহজীকরনে লক্ষে সকল সেবার অনলাইন কার্যক্রম চালু হয় কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম পৌরসভা, ফেনী জেলার ছাগলনাইয়া ও পরশুরাম পৌরসভা, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা পৌরসভা এবং মানিকগঞ্জ জেলার সিঙ্গাইর পৌরসভা। |
| ২০২৫ | নাগরিক সেবা সহজীকরনে লক্ষে সকল সেবার অনলাইন কার্যক্রম চালু হয় শরিয়তপুর পৌরসভা মুন্সিগঞ্জ পৌরসভা, নোয়াখালী জেলার সোনাইমুড়ী পৌরসভা, কুমিল্লা জেলার চান্দিনা পৌরসভা এবং রাঙ্গামাটি পৌরসভা। |

বর্তমানে ইনোভেশন আইটি ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ফেসলেস ও ক্যাশলেস সেবা পদ্ধতি বাস্তবায়নে কাজ করছে। এর মাধ্যমে নাগরিকরা ঘরে বসেই অনলাইনে নির্ধারিত সেবা গ্রহণ করতে পারবে, সরাসরি যোগাযোগ বা নগদ লেনদেন ছাড়াই। এই উদ্যোগ সরকারি-বেসরকারি সেবা ব্যবস্থায় স্বচ্ছতা, সময় সাশ্রয় ও জবাবদিহিতা নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখবে।



innovation IT
উদ্ভাবনে নতুনত্ব, হাতের মুঠোয় সব তথ্য

# ভিশন ও মিশন



## ভিশন

আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা হল অটে-ামেশনের পথে আরও গভীরভাবে এগিয়ে যাওয়া যা আরও কার্যকর সমাধান তৈরি করবে।

## মিশন

সাশ্রয়ী, উদ্ভাবনী এবং ব্যবহারবান্ধব প্রযুক্তি সমাধানের মাধ্যমে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর কার্যকারিতা, স্বচ্ছতা ও জনসেবাকে ডিজিটাল রূপান্তরে সহায়তা করা। আমরা প্রতিটি প্রকল্পে গুণগত মান, গ্রাহক সন্তুষ্টি এবং দীর্ঘমেয়াদী পার্টনারশিপ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।



# ওয়ার্ক প্রসেস

১ Requirment

২ Analysis

৩ Design

৪ Coding

৫ Testing

৬ Delivery




# আমাদের সেবাসমূহ

আমরা যে সকল সেবাসমূহ প্রদান করে থাকি-

## সফটওয়্যার ও ইআরপি সলিউশন

কাস্টম সফটওয়্যার ও এন্টারপ্রাইজ রিসোর্স প্যানিং (ইআরপি) সল্যুশন ডেভেলপমেন্ট সেবা প্রদান করি। প্রতিষ্ঠানের কার্যক্রম সহজতর ও স্বয়ংক্রিয় করার জন্য আমরা প্রয়োজনভিত্তিক সফটওয়্যার এবং ইআরপি সিস্টেম ডিজাইন ও বাস্তবায়ন করে থাকি, যা উৎপাদনশীলতা বৃদ্ধি ও খরচ হ্রাসে সহায়তা করে।

## মোবাইল অ্যাপিকেশন

আমরা অ্যান্ড্রয়েড ও আইওএস (iPhone) ডিভাইসের জন্য কাস্টম মোবাইল অ্যাপিকেশন ডেভেলপমেন্ট সেবা প্রদান করি। ব্যবহারবান্ধব ডিজাইন, কার্যকর ফিচার ও সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে আমরা ক্লায়েন্টের চাহিদা অনুযায়ী অ্যাপ তৈরি করে থাকি, যা সব ধরনের মোবাইল ডিভাইসে নিরবচ্ছিন্নভাবে কাজ করে।

## ওয়েবসাইট ডেভেলপমেন্ট

ক্লায়েন্টের নির্দিষ্ট চাহিদা ও ব্র্যান্ডিং অনুযায়ী সম্পূর্ণ নিজস্ব ডিজাইন ও ফিচারসহ ওয়েবসাইট তৈরি করে থাকি। আমরা আধুনিক প্রযুক্তি, রেসপনসিভ ডিজাইন এবং ইউজার-ফ্রেন্ডলি ইন্টারফেস নিশ্চিত করিয়া ব্যবসার অনলাইন উপস্থিতিকে আরও শক্তিশালী করে তোলে।

## ই-কমার্স সলিউশন

ব্র্যান্ডের ধরন ও ব্যবসায়িক চাহিদা অনুযায়ী সম্পূর্ণ নিজস্ব ডিজাইন, ফিচার ও পেমেন্ট গেটওয়ে ইন্টিগ্রেশনসহ ই-কমার্স ওয়েবসাইট এবং অ্যাপ তৈরি করি। আমাদের সমাধান স্কেলেবল, নিরাপদ এবং ব্যবহার বান্ধব-যা অনলাইন বিক্রয় কার্যক্রমকে আরও সহজ ও কার্যকর করে তোলে।

## সফটওয়্যার সার্ভিস ও সাপোর্ট

সফটওয়্যার ডেভেলপমেন্টের পর, আমরা নিয়মিত রক্ষণাবেক্ষণ, বাগ ফিক্সিং, আপডেট এবং টেকনিক্যাল সহায়তা নিশ্চিত করি। ক্লায়েন্টের প্রয়োজন অনুযায়ী দ্রুত সাড়া দেওয়া এবং দীর্ঘমেয়াদী সহযোগিতা আমাদের সেবা ব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য।

## সফটওয়্যার প্রশিক্ষণ

সফটওয়্যার ব্যবহারে দক্ষতা বাড়াতে আমরা ক্লায়েন্ট ও সংশ্লিষ্ট ব্যবহারকারীদের জন্য অফলাইন ও অনলাইন প্রশিক্ষণ, গাইডলাইন এবং প্রয়োজনীয় ডকুমেন্টেশন সরবরাহ করি।

# প্রজেক্টসমূহ

আমরা সরকারি ও বেসরকারি বিভিন্ন খাতে গুরুত্বপূর্ণ সফটওয়্যার ও অটোমেশন প্রকল্প বাস্তবায়ন করছি-

## স্মার্ট ইউপি - ইউনিয়ন ম্যানেজমেন্ট সিস্টেম

স্মার্ট ইউপি কার্যক্রমের মাধ্যমে ইউনিয়ন পরিষদকে ডিজিটাল ও জনবান্ধব সেবাকেন্দ্রে রূপান্তর করা হয়েছে, যেখানে নাগরিকরা অনলাইনে নাগরিক সনদ, ট্রেড লাইসেন্স ও হোল্ডিং ট্যাক্সসহ বিভিন্ন সেবা সহজে গ্রহণ করতে পারে। আমরা সারা দেশে প্রায় ১২০০+ ইউনিয়নে এই কার্যক্রম বাস্তবায়ন করে ইউনিয়ন পরিষদের সেবাদান প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, দ্রুত ও প্রযুক্তিনির্ভর করেছে।

দেশের বেশির ভাগ জেলার আমাদের স্মার্ট ইউপি সফটওয়্যার কার্যক্রম চলমান আছে। তারমধ্যে উল্লেখযোগ্য- **ঢাকা, গাজীপুর, ফরিদপুর, নরসিংদী, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, মানিকগঞ্জ, লক্ষ্মিপুর , নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, চট্টগ্রাম, বান্দরবান এবং অন্যান্য জেলায়/একক ইউনিয়ন প্রায় ৪০০+ ইউনিয়নে** সফটওয়্যার কার্যক্রম চলমান আছে।

বর্তমানে ঢাকা জেলায় সকল ইউপিতে **স্মার্ট ইউপি - ক্যাশলেস সিস্টেম** এর আওতায় বিকাশের মাধ্যমে সকল নাগরিক সেবা প্রদান ও হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম পরিচালিত হচ্ছে।

## স্মার্ট পৌর - পৌরসভা ম্যানেজমেন্ট সিস্টেম

স্মার্ট পৌরসভা কার্যক্রমের মাধ্যমে পৌর নাগরিকদের হোল্ডিং ট্যাক্স প্রদান, পানির বিল, ট্রেড লাইসেন্স এবং অন্যান্য নাগরিক সেবা ডিজিটাল প্যাটফর্মে সহজে গ্রহণের সুযোগ তৈরি হয়েছে। ইনোভেশন আইটির এই উদ্যোগ পৌরপরিষদের প্রশাসনিক দক্ষতা ও স্বচ্ছতা বৃদ্ধি করেছে। আমরা ইতিমধ্যে প্রায় ৩০টি পৌরসভা বাস্তবায়ন করেছি।

**বাস্তবায়নকৃত পৌরসভাসমূহঃ** সাভার, ধামরাই, সিরাজগঞ্জ, ভাঙ্গা, মধুখালি, ফেনী, হাজীগঞ্জ, নওয়াপাড়া, হোমনা, চৌদ্দগ্রাম, সিংগাইর, হাটহাজারী, নাঙ্গলকোট, আলফাডাঙ্গা, পরশুরাম, রাঙ্গামাটি, চান্দিনা, সোনাইমুরি, ছাগলনাইয়া, মুন্সিগঞ্জ, শরিয়তপুরসহ অন্যান্য পৌরসভাসমূহতে আমাদের সফটওয়্যার কার্যক্রমের মাধ্যমে নাগরিক সেবা প্রদান করছে।

**বর্তমানে সাভার পৌরসভায় ফেসলেস ও ক্যাশলেস সিস্টেম বাস্তবায়নের কার্যক্রম প্রকৃয়াধীন।**

## পুস্তক - স্কুল ম্যানেজমেন্ট সিস্টেম

মাধ্যমিক স্কুল/ মাদ্রাসায় বায়োমেট্রিক হাজিরা ও ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় কুমিল্লা জেলায় প্রায় ৭০০+ শিক্ষাপ্রতিষ্ঠানে এই সিস্টেমটি ২০১৯ সালে জেলা প্রশাসনের তত্ত্বাধানে বাস্তবায়ন করা হয়েছে। এ সিস্টেমের মাধ্যমে শিক্ষার্থীদের ভর্তি, উপস্থিতি, ফলাফল, শিক্ষক ব্যবস্থাপনা ডিজিটালভাবে পরিচালিত হচ্ছে। এই সফটওয়্যার স্কুলের প্রশাসনিক কার্যক্রমকে সহজ, সুশৃঙ্খল ও সময়োপযোগী করেছে।

# প্রজেক্টসমূহ

**হিসাব-৩৬৫**
পস সিস্টেম

**হোল্ডিং ট্যাক্স ব্যবস্থাপনা**
এসেসমেন্ট ও অনলাইন ট্যাক্স প্রদান


**বাজার ব্যবস্থাপনা**
পৌর মার্কেট অনলাইন সিস্টেম

**গাড়ী ম্যানেজমেন্ট সফটওয়্যার এন্ড মোবাইল অ্যাপিকেশন**

**ফেনী পৌরসভা**
মোবাইল অ্যাপ হটলাইন সার্ভিস

**সিরাজগঞ্জের মেয়র**
মোবাইল অ্যাপ হটলাইন সার্ভিস

**আমার ব্রিক**
ব্রিক ফিল্ড ম্যানেজমেন্ট সফটওয়্যার



**অনলাইন পরিক্ষা**
MCQ সিস্টেম

**সমিতি ব্যবস্থাপনা**
অনলাইন সিস্টেম

**ই-কমার্স ম্যানেজমেন্ট সফটওয়্যার**

# গ্রাহকসমূহ

আমাদের গ্রাহক তালিকায় রয়েছে ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা প্রশাসন, সরকারি শিক্ষা প্রতিষ্ঠান এবং বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যবসায়িক প্রতিষ্ঠান।

- ঢাকা জেলা
- চট্টগ্রাম জেলা
- কুমিল্লা জেলা
- বার্ড কুমিল্লা
- রাজশাহী জেলা
- নরসিংদী জেলা
- চাঁদপুর জেলা
- ফরিদপুর জেলা
- মুন্সীগঞ্জ জেলা
- ঢাকা তেজগাঁও সার্কেল
- সিরাজগঞ্জ পৌরসভা
- ভাঙ্গা পৌরসভা
- সাভার পৌরসভা
- ফেনী পৌরসভা
- গাজীপুর জেলা
- ফেনী জেলা
- আইসিটি বিভাগ
- ব্রাহ্মণবাড়িয়া জেলা
- নারায়ণগঞ্জ জেলা
- বান্দরবান জেলা
- মানিকগঞ্জ জেলা

# গ্রাহকসমূহ

# প্রাতিষ্ঠানিক তথ্য

| | |
|---|---|
| কোম্পানির নাম | ঃ ইনোভেশন আইটি |
| প্রতিষ্ঠার বছর | ঃ ২০১৭ |
| ঠিকানা | ঃ ১/১০, মায়ের আঁচল, ব্লক-এ, লালমাটিয়া, ঢাকা। |
| মোবাইল | ঃ ০১৬২৬-৩২৩২৬৮ |
| ইমেইল | ঃ innovationit24@gmail.com |
| ওয়েবসাইট | ঃ www.innovationit.com.bd |
| ট্রেড লাইসেন্স নম্বর | ঃ ১৯৩৯৯ |
| টিআইএন নিবন্ধন নম্বর | ঃ ৩৭৪০৯৮৭২৯৬৫১, সার্কেল-৩১৪, জোন-১৫, ঢাকা। |
| টিআইএন নিবন্ধন কর্তৃপক্ষঃ | জাতীয় রাজস্ব বোর্ড |
| ভ্যাট নম্বর | ঃ ০০০৬৩৯৫৭৮ |
| ভ্যাট নিবন্ধন কর্তৃপক্ষ | ঃ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা। |
| কপিরাইট নিবন্ধন নম্বর | ঃ সিআরএস-২২৮৭০ (ডিজিটাল ইউনিয়ন সফটওয়্যার) |

## অফিসসমূহঃ-

### ঢাকা - হেড অফিস

১/১০, মায়ের আঁচল, ব্লক-এ, লালমাটিয়া, ঢাকা।

০১৬৩৩-০৩৬১৮৯
০১৬৩৩-০৩৬১৯০

### কুমিল্লা - শাখা অফিস

নিলয় সোসাইটি, পশ্চিম বাগিচাগাঁও, স্টেশন রোড, কুমিল্লা।

০১৩১০-০২৭২৯২
০১৭১৪-০৪৯০১৩/২৬

### ফেনী - শাখা অফিস

বেলাল টাওয়ার (৩য় তলা), সদর হাসপাতাল মোড়, ফেনী সদর, ফেনী।

০১৮২৩-৩৯৬৭৩৯

innovation IT

উদ্ভাবনে নতুনত্ব, হাতের মুঠোয় সব তথ্য

1/10, Mayer Anchol Building, Block-A, Lalmatia,
Dhaka - 1207, Bangladesh

+8801626-323268

innovationit24@gmail.com

www.innovationit.com.bd

www.innovationit.com.bd